"শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ"

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
কেন্দ্রীয় সচিবালয়
ওয়াপদা ভবন(২য় তলা), মতিঝিল, ঢাকা
www.bpdb.gov.bd

বিষয়: **যথাযোগ্য মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী সুষ্ঠুভাবে উদযাপনের লক্ষ্যে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের কেন্দ্রীয় সাংগঠনিক সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ বেলায়েত হোসেন<br>চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড |
| সভার তারিখ | : | ০৩ মার্চ ২০২০ |
| সভার সময় | : | সকাল ১০ : ০০ ঘটিকা |
| সভার স্থান | : | বিজয় হল, বিদ্যুৎ ভবন, ১ আব্দুল গণি রোড, ঢাকা |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট-"ক" |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতেই সভাপতি বলেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শোষণ বৈষম্যের শিকার, অধিকার বঞ্চিত বাঙ্গালী জাতির অর্থনৈতিক ও রাজনৈতিক মুক্তির ব্রত নিয়ে বাঙ্গালী জাতির অধিকার আদায়ে কাজ করেছেন। সভাপতি জাতির পিতার অবদান গভীর শ্রদ্ধা ও কৃতজ্ঞতার সাথে স্মরণ করেন। অতপর সভার সভাপতি কেন্দ্রীয় সাংগঠনিক কমিটির সদস্য সচিব জনাব সাইফুল ইসলাম আজাদকে ইতিপূর্বে গৃহীত কর্মপরিকল্পনা অনুযায়ী অগ্রগতি বিষয়ে আলোচনা করার আহ্বান জানান। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব সকল উপকমিটির আহবায়কগণকে গৃহীত কার্যক্রম ও অগ্রগতি বিষয়ে আলোচনার জন্য অনুরোধ জানান।

**আলোচনা-১:**

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড-এর অধিক্ষেত্রে শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত উপকমিটির আহবায়ক সদস্য, বিতরণ জনাব মোঃ কাওসার আমীর আলী তাঁর গৃহীত কার্যক্রম ও অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, বাবিউবো'র যে সকল এলাকায় বিশেষ করে কুতুবদিয়া, হাতিয়া ও নিঝুম দ্বীপসহ অন্যান্য দ্বীপাঞ্চলে অদ্যাবধি শতভাগ বিদ্যুতায়ন হয় নি, সে সকল অঞ্চলে সাবমেরিন কেবল স্থাপনপূর্বক শতভাগ বিদ্যুতায়নের জন্য প্রকল্প পরিকল্পনা পরিদপ্তরের মাধ্যমে ডিপিপি সংশোধন করতঃ নক্সা ও পরিদর্শন পরিদপ্তরে প্রেরণ করতে হবে। সভাপতি নির্দেশনা প্রদান করেন যে, বিষয়টি ECNEC সভায় অনুমোদন ও এপ্রিল ২০২০ মাসের মধ্যে চুক্তি সম্পাদন করতঃ নভেম্বর ২০২০ মাসের মধ্যে দ্বীপাঞ্চলসমূহে শতভাগ বিদ্যুতায়ন নিশ্চিত করতে হবে। সভায় জানানো হয় যে, দ্বীপাঞ্চলসমূহে শতভাগ বিদ্যুতায়ন নিশ্চিত করতে সাবমেরিন কেবল স্থাপনের জন্য ইতিমধ্যে Feasibility Study চলমান। এছাড়া প্রধান প্রকৌশলী IPP সভাকে অবহিত করেন যে, হাতিয়ায় উত্তর ও দক্ষিণের মাঝামাঝি অবস্থানে ৮-১০ মেঃওঃ এর একটি বেসরকারি বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের কাজ প্রক্রিয়াধীণ আছে। নির্ধারিত সময়ের মধ্যে এটি স্থাপন কাজ সম্পন্ন হবে।

**সিদ্ধান্ত:**

| ক্রমিক নম্বর | **সিদ্ধান্ত** | **বাস্তবায়নে** | **বাস্তবায়নের সময়কাল** |
|---|---|---|---|
| ক) | বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর আওতাধীন কুতুবদিয়া, হাতিয়া ও নিঝুম দ্বীপসহ অন্যান্য দ্বীপাঞ্চলে শতভাগ বিদ্যুতায়নের জন্য Feasibility Study দ্রুত সমাপ্ত করে সাবমেরিন কেবল স্থাপনপূর্বক প্রকল্প পরিকল্পনা পরিদপ্তরের মাধ্যমে ডিপিপি সংশোধন করতঃ নক্সা ও পরিদর্শন পরিদপ্তরে প্রেরণ এবং ECNEC সভায় অনুমোদন গ্রহণ ও এপ্রিল ২০২০ মাসের মধ্যে চুক্তি সম্পাদন করতঃ নভেম্বর ২০২০ মাসের মধ্যে শতভাগ বিদ্যুতায়ন নিশ্চিত করতে হবে। | প্রকল্প পরিচালক, হাতিয়া দ্বীপ, নিঝুম দ্বীপ,কুতুবদিয়া দ্বীপ ও চর-সোনারামপুর (আশুগঞ্জ) শতভাগ নির্ভরযোগ্য ও টেকসই বিদ্যুতায়ন প্রকল্প | নভেম্বর ২০২০ |
| খ) | হাতিয়ায় উত্তর ও দক্ষিণের মাঝামাঝি অবস্থানে ৮-১০ মেঃওঃ ক্ষমতাসম্পন্ন একটি বেসরকারি বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করতঃ উক্ত এলাকায় মানসম্পন্ন শতভাগ বিদ্যুতায়ন নিশ্চিত করতে হবে। | প্রধান প্রকৌশলী IPP | নভেম্বর ২০২০ |

**আলোচনা-২:**

উৎকর্ষতা এবং উদ্ভাবনী কর্মকান্ড সংক্রান্ত উপকমিটির আহবায়ক সদস্য, প্রশাসন (অতিরিক্ত দায়িত্ব) ও সদস্য, অর্থ জনাব সেলিম আবেদ, তাঁর গৃহীত কার্যক্রম ও অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, বাবিউবো'র ওয়েবসাইটে মুজিব শতবর্ষ নামে Web Page/Digital Block তৈরি করা হয়েছে। উক্ত Web Page এ মুজিববর্ষ উদযাপন উপলক্ষ্যে গৃহীত সকল কর্মপরিকল্পনা ও বাস্তবায়নকৃত কর্মসূচীর কার্যবিবরণী, অফিস আদেশ, পত্র, প্রজ্ঞাপন, সার্কুলার, বিজ্ঞপ্তি ও বিভিন্ন ডকুমেন্টস প্রচার ও প্রকাশ করা হচ্ছে। পরিচালক, প্রশিক্ষণ সভাকে অবহিত করেন যে, প্রশিক্ষণ কর্মসূচীর আওতায় ৩য় ব্যাচের প্রশিক্ষণ চলমান। এ বিষয়ে সভাপতি ১৭ মার্চ ২০২০ তারিখে বিদ্যুৎ বিভাগ কর্তৃক আয়োজিত মুজিবর্ষের উদ্বোধনী অনুষ্ঠানে ১০ জন সেরা প্রশিক্ষণার্থীকে সার্টিফিকেট প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। সদস্য, প্রশাসন আরো জানান যে, ১০ মার্চ ২০২০ তারিখের পূর্বে সকল অফিস ভবনে ডিজিটাল ব্যানার প্রদর্শণের ব্যবস্থা করতে হবে। এছাড়া মুজিববর্ষ উপলক্ষ্যে গৃহীত কিছু কার্যক্রম ইতিমধ্যে সম্পন্ন করা হয়েছে, বাকী কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

**সিদ্ধান্ত:**

| ক্রমিক নম্বর | সিদ্ধান্ত | বাস্তবায়নে | বাস্তবায়নের সময়কাল |
|---|---|---|---|
| ক) | ১৭ মার্চ ২০২০ তারিখে বিদ্যুৎ বিভাগ কর্তৃক আয়োজিত মুজিবর্ষের উদ্বোধনী অনুষ্ঠানে ১০ জন সেরা প্রশিক্ষণার্থীকে সার্টিফিকেট প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক, প্রশিক্ষণ ও পেশা উন্নয়ন | ১৫ মার্চ ২০২০ তারিখের পূর্বে |

**আলোচনা-৩:**

আমার গ্রাম আমার শহর কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত উপকমিটির আহবায়ক সদস্য, পিএন্ডডি জনাব মুস্তাক মুহাম্মদ তাঁর গৃহীত কার্যক্রম ও অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, মুজিব শতবর্ষ উপলক্ষ্যে বাবিউবো'র বিতরণ এলাকায় বিভাগওয়ারি ১৬টি গ্রামকে মডেল গ্রাম নির্বাচন করা হয়েছে। যেখানে শতভাগ মানসম্পন্ন বিদ্যুতায়নের পাশাপাশি ডিজিটাল পদ্ধতিতে গ্রাহক হয়রানিমুক্ত সকলপ্রকার সেবা প্রদান নিশ্চিত করা হবে। উক্ত এলাকার বেকার যুবকদেরকে ইলেকট্রিশিয়ান কোর্স-এ অন্তর্ভূক্ত করে প্রশিক্ষণ ও সনদ প্রদান করা হবে। সভায় আরো জানানো হয় যে, একস্থানে সকল সেবা ব্যবস্থা চালু রেখে স্মার্ট মিটারিং ও বিলিং নিশ্চিত করা হবে। এবং জনগণের কল্যাণে সকল সেবা আধুনিকায়নের পাশাপাশি ব্যানার, লিফলেট ও পত্রিকায় প্রচারের ব্যবস্থা করা হবে।

**সিদ্ধান্ত:**

| ক্রমিক নম্বর | সিদ্ধান্ত | বাস্তবায়নে | বাস্তবায়নের সময়কাল |
|---|---|---|---|
| ক) | একস্থানে সকল সেবা One Stop Service ব্যবস্থা চালু রেখে স্মার্ট মিটারিং ও বিলিং নিশ্চিত করতে হবে। এবং কেন্দ্রীয় সিদ্ধান্ত অনুযায়ী জনগণের কল্যাণে সকল সেবা আধুনিকায়নের পাশাপাশি ব্যানার, লিফলেট ও পত্রিকায় প্রচারের ব্যবস্থা করতে হবে। | সকল দপ্তর প্রধান | ১৫ মার্চ ২০২০ তারিখের পূর্বে |

**আলোচনা-৪:**

গ্রাহক সেবার মানোন্নয়ন সংক্রান্ত উপকমিটির আহবায়ক সদস্য, অর্থ জনাব সেলিম আবেদ তাঁর গৃহীত কার্যক্রম ও অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, বাবিউবো'র সকল দপ্তরের অভিযোগকেন্দ্রসমূহে সার্বক্ষণিক গ্রাহক সেবা নিশ্চত করা হবে। দ্রুততম সময়ের মধ্যে কেন্দ্রীয়ভাবে একটি Call Center চালু করা হবে। সভায় সদস্য, অর্থ জানান যে, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হাতে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড গঠণ, তৎপরবর্তী সময়ে বাবিউবো পরিচালিত বিদ্যুতের উৎপাদন, সঞ্চালন, পরিকল্পনা ও উন্নয়ন, বিতরণ কার্যক্রম সম্প্রসারণ, বিভিন্ন দপ্তর/সংস্থা/কোম্পানি গঠন এবং হালনাগাদ গৃহীত বিভিন্ন সেবামুলক (প্রি-পেইড মিটার, স্মার্ট মিটার, গ্রাউন্ড ক্যাবল সিস্টেম প্রতিস্থাপন) কর্মসূচী ইত্যাদির সমন্বয়ে মুজিববর্ষকে সামনে রেখে বাংলায় ডকুমেন্টারি তৈরি করতঃ সকল দপ্তর/গুরুত্বপূর্ণ স্থানে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা হবে। ডকুমেন্টারি তৈরির বিষয়ে কোন ইনপুট থাকলে আগামী দুই কার্যদিবসের মধ্যে তা পরিচালক, জনসংযোগ বরাবর দাখিল করতে হবে। সভায় নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ জাকিরুল ইসলাম জানান যে, মুজিব শতবর্ষ উদযাপন উপলক্ষ্যে একটি মোবাইল Apps তৈরি করা যেতে পারে। এছাড়া এক বছরের গৃহীত কার্যক্রমের উপর ভিত্তি করে একটি ভিডিও ক্লিপও প্রস্তুত করা যায়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং এটি গৃহীত হয়।

**সিদ্ধান্ত:**

| ক্রমিক নম্বর | সিদ্ধান্ত | বাস্তবায়নে | বাস্তবায়নের সময়কাল |
|---|---|---|---|
| ক) | দ্রুততম সময়ের মধ্যে কেন্দ্রীয়ভাবে একটি Call Center চালু করতে হবে। | সিনিয়র সিস্টেম এনালিস্ট | জুন ২০২০ এর মধ্যে |
| খ) | সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হাতে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড গঠন, তৎপরবর্তী সময়ে বাবিউবো পরিচালিত বিদ্যুতের উৎপাদন, সঞ্চালন, পরিকল্পনা ও উন্নয়ন, বিতরণ কার্যক্রম সম্প্রসারণ, বিভিন্ন দপ্তর/সংস্থা/কোম্পানি গঠন এবং হালনাগাদ গৃহীত বিভিন্ন সেবামুলক (প্রি-পেইড মিটার, স্মার্ট মিটার, গ্রাউন্ড ক্যাবল সিস্টেম প্রতিস্থাপন) কর্মসূচী ইত্যাদির সমন্বয়ে মুজিববর্ষকে সামনে রেখে বাংলায় ডকুমেন্টারি তৈরি করতঃ সকল দপ্তর/গুরুত্বপূর্ণ স্থানে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সচিব, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ও পরিচালক, জনসংযোগ | ১৫ মার্চ ২০২০ তারিখের পূর্বে |
| গ) | মুজিব শতবর্ষে আয়োজিত সকল কর্মসূচী একীভূত করে ভিডিও ক্লিপ তৈরি ও মোবাইল Apps তৈরি করতে হবে। | সিনিয়র সিস্টেম এনালিস্ট ও জনাব মোঃ জাকিরুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী | ১৭ মার্চ ২০২১ তারিখের পূর্বে |
| ঘ) | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিভিন্ন উক্তি, বাণী ও বাবিউবো'র অর্জনকে তুলে ধরে কেন্দ্রীয়ভাবে ডিজিটাল ব্যানার প্রস্তুত করতে হবে। ১০ মার্চ ২০২০ তারিখের পূর্বে বাবিউবো'র সকল অফিস ভবনে ডিজিটাল ব্যানার প্রদর্শণের ব্যবস্থা করতে হবে। | প্রধান প্রকৌশলী পূর্তকর্ম ও পরিচালক, জনসংযোগ | ১০ মার্চ ২০২০ তারিখের পূর্বে |

**আলোচনা-৫:**

টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি এবং গ্রাহক সচেতনতা সংক্রান্ত উপকমিটির আহবায়ক সদস্য, উৎপাদন (অতিরিক্ত দায়িত্ব) ও সদস্য, কোম্পানি অ্যাফেয়ার্স জনাব মোঃ জাকির হোসেন তাঁর গৃহীত কার্যক্রম ও অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, বাবিউবো'র সকল দপ্তরের ডিজিটাল বোর্ড ও ব্যানারে প্রদর্শনের জন্য জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৫০টি বক্তব্য ও উক্তি সংগ্রহ করা হয়েছে, যা বাছাইপূর্বক কেন্দ্রীয় কমিটির নিকট জমা দেয়া হবে। জাতির পিতার বক্তব্য ও উক্তি সম্বলিত কনটেন্ট লিপিবদ্ধ করে ডিজিটাল বোর্ড ও ব্যানার তৈরি করে সকল দপ্তর/বিদ্যুৎ কেন্দ্র/অফিসে প্রেরণ করা হবে। প্রতিটি বিতরণ বিভাগ, বিদ্যুৎ কেন্দ্র ও দপ্তরে স্থানীয় জনপ্রতিনিধিদের সমন্বয়ে ১৭ মার্চ ২০২০ উদযাপন উপলক্ষ্যে কর্মসূচী পালনের বিষয়ে তিনি দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত:**

| ক্রমিক নম্বর | সিদ্ধান্ত | বাস্তবায়নে | বাস্তবায়নের সময়কাল |
|---|---|---|---|
| ক) | প্রতিটি বিতরণ অঞ্চলে স্থানীয় জনপ্রতিনিধিদের সমন্বয়ে ১৭ মার্চ ২০২০ উদযাপন উপলক্ষ্যে কর্মসূচী পালন করতে হবে। | প্রধান প্রকৌশলী সকল বিতরণ অঞ্চল | ১৭ মার্চ ২০২০ |
| খ) | বঙ্গবন্ধু ও বিদ্যুৎ খাতের বিবর্তনের উপর মানসম্পন্ন প্রকাশনা প্রকাশের ব্যবস্থা গ্রহণ। | টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি এবং গ্রাহক সচেতনতা সংক্রান্ত উপকমিটি | |

**আলোচনা-৬, বিবিধ:**

সভায় উপকমিটিসমূহের কার্যপরিধিতে অসংগতি দূরীকরণের জন্য কেন্দ্রীয় সাংগঠনিক কমিটির সদস্য সচিবকে অনুরোধ করা হয়। এ বিষয় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্তভাবে উপকমিটি সমূহের কার্যপরিধি সংশোধনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত:**

**বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড-এর অধিক্ষেত্রে শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত উপকমিটির কার্যপরিধি:**

ক) ২০২০ সালের ডিসেম্বর মাসের মধ্যে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর আওতাধীন এলাকায় শতভাগ এবং নির্ভরযোগ্য বিদ্যুতায়ন কার্যক্রম সম্পন্ন করা;
খ) বৈদ্যুতিক সরঞ্জামাদি এবং বৈদ্যুতিক ক্যাবলের Standard Specification এবং বৈদ্যুতিক ওয়্যারিং ইউনিফাইড করার উদ্যোগ গ্রহণ;
গ) বিদ্যুতের অপচয় রোধে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন এলাকায় প্রি-পেইড মিটারিং কার্যক্রম গ্রহণ;
ঘ) মুজিববর্ষে বিদ্যুতের অপচয় রোধ ও অবৈধ সংযোগমুক্ত বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বছরব্যাপী বিশেষ কার্যক্রাম গ্রহণ;
ঙ) পার্বত্য চট্টগ্রাম এবং দীপাঞ্চলসমূহে শতভাগ বিদ্যুতায়নের কর্মপদ্ধতি নির্ধারণ।

**উৎকর্ষতা এবং উদ্ভাবনী কর্মকান্ড সংক্রান্ত উপকমিটির কার্যপরিধি:**

ক) ২০২০ সালের ১৭ মার্চ হতে ২০২১ সালের ১৭ মার্চ পর্যন্ত সময়কে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক 'সেবা বর্ষ' হিসেবে ঘোষণা প্রদান;
খ) গ্রাহক সেবার উৎকর্ষ সাধনে বঙ্গবন্ধুর দর্শনের ভিত্তিতে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর, বিদ্যুৎ কেন্দ্র ও বিতরণ জোনসমূহের মধ্যে 'ইনোভেশন প্রতিযোগিতা' এর আয়োজন করা;
গ) বৈদ্যুতিক খাতে দেশে ও বিদেশে দক্ষ জনশক্তির চাহিদা পূরণকল্পে বৈদ্যুতিক কর্ম পেশায় দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে মুজিববর্ষে প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে ন্যুনতম ১২০০ জন বেকার যুবককে মানব সম্পদে রূপান্তর করা;
ঘ) মুজিববর্ষে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এবং এর আওতাধীন বিভিন্ন দপ্তর, বিদ্যুৎ কেন্দ্র ও বিতরণ জোনসমূহের মধ্যে পরিস্কার-পরিচ্ছন্নতা বিষয়ে প্রতিযোগিতার আয়োজন;
ঙ) ১৭ মার্চ ২০২০ তারিখে মুজিববর্ষ পালন উপলক্ষে প্রশিক্ষণপ্রাপ্ত ইলেকট্রিশিয়ানদের মধ্যে সনদ বিতরণ অনুষ্ঠান আয়োজনে সহযোগীতা করা;
চ) সেবা বর্ষে (১৭ মার্চ ২০২০-১৭ মার্চ ২০২১) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণ সেবা প্রদানের লক্ষ্যে নির্ধারিত সময়ের অতিরিক্ত ১ ঘন্টা বেশী কাজ করা;
ছ) বঙ্গবন্ধুর দর্শন, জাতীয় উন্নয়নে বিদ্যুৎ খাতের অবদান, বিদ্যুৎ খাতের অর্জন বিষয়ে জাতীয় বিদ্যুৎ সপ্তাহ আয়োজনে সহায়তা;
জ) জাতীয় পর্যায়ে বঙ্গবন্ধু শেখ মুজিবের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে যে ওয়েবসাইট তৈরি করা হবে তার সাথে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর লিংক স্থাপন;

**"আমার গ্রাম আমার শহর"কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত উপকমিটির কার্যপরিধি:**

ক) আমার গ্রাম আমার শহর বিষয়বস্তুকে সামনে রেখে মডেল গ্রাম নির্বাচনপূর্বক পূর্ণাঙ্গরূপে গ্রামের উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়ন;
খ) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানিতে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মজীবন উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন। দুর্নীতির ক্ষেত্রে জিরো টলারেন্স নীতি প্রতিপালনপূর্বক গ্রাহক হয়রানি দূরীকরণের লক্ষ্যে নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন;
গ) অংশগ্রহণমূলক সম্পাদিত কর্ম-মূল্যায়ন পদ্ধতির প্রবর্তন ও বাস্তবায়ন। প্রতিটি দপ্তর, বিদ্যুৎ কেন্দ্র ও বিতরণ জোনের মধ্য থেকে কার্যক্ষেত্রে সফলতার জন্য বঙ্গবন্ধু Service Excellence Award প্রদান এবং বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন এলাকায় সেবা প্রদানের ক্ষেত্রে একজন সেরা বিদ্যুৎ কর্মী ও একজন সেরা বিদ্যুৎ গ্রাহককে বঙ্গবন্ধু পুরস্কার প্রদান;
ঘ) সামাজিক নিরাপত্তাবেষ্টনীর আওতায় সুফলভোগী দরিদ্র জনগোষ্ঠীর জন্য বিদ্যুৎ সেবা সহজীকরণ।

**গ্রাহক সেবার মানোন্নয়ন সংক্রান্ত উপকমিটির কার্যপরিধি:**

ক) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন বিতরণ এলাকায় প্রতিটি নিবার্হী প্রকৌশলী/আবাসিক প্রকৌশলী পর্যায়ের কর্মকর্তাগণ উপস্থিত থেকে গ্রাহক সমাবেশ করবেন এবং তাৎক্ষণিক সমস্যার সমাধান করবেন;
খ) গ্রাহক সেবার মান উন্নয়ন ও গ্রাহকদের ভোগান্তি লাঘবে অভিযোগ গ্রহণ ও প্রতিকার ব্যবস্থাপনা (Grievance Redress System)-কে উন্নত করতে নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন। সেবা গ্রহীতাদের অভিযোগ গ্রহণের লক্ষ্যে একটি বিশেষ হট লাইন নম্বর প্রবর্তণ;
গ) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন প্রতিটি বিতরণ/উৎপাদন কেন্দ্রের প্রবেশদ্বারে বঙ্গবন্ধুর সেবা সম্পর্কিত বক্তব্য ও উক্তিসমূহ ইলেকট্রনিক্স বোর্ড স্থাপনের মাধ্যমে প্রচারের ব্যবস্থাকরণ;

ঘ) সেবা সম্পর্কিত বঙ্গবন্ধুর বিভিন্ন বক্তৃতা ও উদ্বৃতি সংকলন করে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর আওতাধীন সকল দপ্তর, বিদ্যুৎ কেন্দ্র ও বিতরণ জোনের সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারিদের মাঝে বিতরণ এবং জনগণকে বিদ্যুৎ সাশ্রয় ও দুর্ঘটনা প্রতিরোধে করণীয় সম্পর্কে সচেতন করার লক্ষ্যে ফ্লায়ার্স/লিফলেট বিতরণ এর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

ঙ) বিদ্যুতায়নে জাতির পিতার অবদান, বাংলাদেশের সংবিধানে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড গঠন, বিদ্যুৎ খাতের অর্জন এবং এতদসংক্রান্ত জাতির পিতার উক্তি অন্তর্ভুক্ত করে ডকুমেন্টারি প্রস্তুত;

**টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি এবং গ্রাহক সচেতনতা সংক্রান্ত উপকমিটির কার্যপরিধি:**

ক) সারা বছর ধরে বিভিন্ন সেমিনার, সভা, প্রিন্ট/ইলেকট্রনিক ও সোশ্যাল মিডিয়ায় প্রচার;

খ) বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মাণে বিদ্যুতের ভূমিকা এবং টেকসই উন্নয়নে বিদ্যুৎ সাশ্রয় ও বিদ্যুতের যৌক্তিক ব্যবহারের লক্ষ্যে প্রচারণামূলক কার্যক্রম;

গ) বিদ্যুৎ খাতের বিবর্তনের উপর মানসম্পন্ন প্রকাশনা প্রকাশ;

ঘ) 'মুজিববর্ষ' পালন উপলক্ষে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের জরুরি বিদ্যুৎ কাজে ব্যবহৃত সকল যানবাহনে সেবা বর্ষের পৃথক লোগো ব্যবহার ও সজ্জিতকরণ;

ঙ) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন এলাকায় বিদ্যুতের অপচয় এবং বিদ্যুতের দূর্ঘটনা রোধকল্পে স্কুল/কলেজ পর্যায়ের শিক্ষক ও শিক্ষার্থীদেরকে নিয়ে সচেতনতামূলক কার্যক্রম আয়োজন;

চ) বিদ্যুতের সাশ্রয়ী ও দায়িত্বপূর্ণ ব্যবহারের লক্ষ্যে জনগণকে উদ্বুদ্ধকরণ।

৭। **উপকমিটিসমূহ নিয়মিত সভা করে উক্ত সভার কার্যবিবরণী কেন্দ্রীয় সাংগঠনিক কমিটির সদস্য সচিবের নিকট দাখিল করবেন।**

৮। **অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।**

স্বাক্ষরিত: ০৩/০৩/২০২০

(মোঃ বেলায়েত হোসেন)
চেয়ারম্যান
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

স্মারক নম্বর: ২৭.১১.০০০০.১০১.২৩.০০১.২০-১৬১ তারিখ: ০৩ মার্চ ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সদস্য, প্রশাসন/অর্থ/উৎপাদন/বিতরণ/পিএন্ডডি/কোম্পানি অ্যাফেয়ার্স, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
৩। সকল প্রধান প্রকৌশলী/মহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক(প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী)/অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
৪। নিয়ন্ত্রক (হিসাব ও অর্থ)/প্রধান চিকিৎসা কর্মকর্তা, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
৫। সকল সদস্য, কেন্দ্রীয় সাংগঠনিক কমিটি, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
৬। সকল উপকমিটির সদস্য, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
৭। সিএসও টু চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
৮। সকল পরিচালক/ব্যবস্থাপক/তত্ত্বধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ঢাকা কম্পিউটার কেন্দ্র, বিউবো, ঢাকা (কার্যবিবরণীটি সংশ্লিষ্ট সকলকে ই-মেইলে প্রেরণ ও বাবিউবো'র ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১০। উপ-সচিব, প্রশাসন/অর্থ/উৎপাদন/বিতরণ/পিএন্ডডি/কোম্পানি অ্যাফেয়ার্স/আইন/বোর্ড/সংস্থাপন, বিউবো, ঢাকা।
১১। অফিস কপি।

৩/৩/২০২০

(সাইফুল ইসলাম আজাদ)
সচিব
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা
☏: ০২-৯৫৫৪২০৯
Secretary@bpdb.gov.bd